

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৯০৩

২٥. وهم (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৬৮. আইয়ামে তাশরীকের তাকবীর

بَابِ تَكْبِيرِ أَيَّامِ التَّشْرِيقِ

আরবী

922 حَدَّثِنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّهُ بَلَغَهُ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ خَرَجَ الثَّانِيَةَ الْغَدَ مِنْ يَوْمِ النَّحْرِ حِينَ ارْتَفَعَ النَّهَارُ شَيْئًا فَكَبَّرَ فَكَبَّرَ النَّاسُ بِتَكْبِيرِهِ ثُمَّ خَرَجَ الثَّانِيَةَ مِنْ يَوْمِهِ ذَلِكَ بَعْدَ ارْتِفَاعِ النَّهَارِ فَكَبَّرَ النَّاسُ بِتَكْبِيرِهِ ثُمَّ خَرَجَ الثَّالِثَةَ حِينَ زَاغَتْ الشَّمْسُ فَكَبَّرَ فَكَبَّرَ النَّاسُ بِتَكْبِيرِهِ حَتَّى يَتَّصِلَ التَّكْبِيرِهِ ثُمَّ خَرَجَ الثَّالِثَةَ عَمَرَ قَدْ خَرَجَ يَرْمِي

قَالَ مَالِكَ الْأَمْرُ عِنْدَنَا أَنَّ التَّكْبِيرَ فِي أَيَّامِ التَّشْرِيقِ دُبُرَ الصَّلُوَاتِ وَأَوَّلُ ذَلِكَ تَكْبِيرُ الْإِمَامِ وَالنَّاسُ مَعَهُ دُبُرَ صَلَاةِ الظُّهْرِ مِنْ يَوْمِ النَّحْرِ وَآخِرُ ذَلِكَ تَكْبِيرُ الْإِمَامِ وَالنَّاسُ مَعَهُ دُبُرَ صَلَاةِ الظُّهْرِ مِنْ يَوْمِ النَّحْرِ وَآخِرُ ذَلِكَ تَكْبِيرُ الْإِمَامِ وَالنَّاسُ مَعَهُ دُبُرَ صَلَاةِ الصَّبْحِ مِنْ آخِرِ أَيَّامِ التَّشْرِيقِ ثُمَّ يَقْطَعُ التَّكْبِيرَ قَالَ مَالِكَ وَالتَّكْبِيرُ فِي أَيَّامِ التَّشْرِيقِ عَلَى الرِّجَالِ وَالنِسَاءِ مَنْ كَانَ فِي جَمَاعَةٍ أَوْ وَحْدَهُ بِمِنِى أَوْ بِالْآفَاقِ كُلُها التَّشْرِيقِ عَلَى الرِّجَالِ وَالنِسَاءِ مَنْ كَانَ فِي جَمَاعَةٍ أَوْ وَحْدَهُ بِمِنِى الْآنَهُمْ إِذَا رَجَعُوا وَانْقَضَى وَاجِبٌ وَإِنَّمُ النَّشْرِيقِ قَالَ مَالِكَ الْإَيَّامُ الْمَعْدُودَاتُ أَيَّامُ التَّشْرِيقِ قَالَ مَالِكَ الْأَيَّامُ الْمَعْدُودَاتُ أَيَّامُ التَّشْرِيقِ

বাংলা

রেওয়ায়ত ২০৮. ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) জ্ঞাত হইয়াছেন- উমর ইবন খান্তাব (রাঃ) ১০ তারিখ একটু বেলা হইয়া আসিলে তাকবীর পড়া শুরু করেন। তাহার সঙ্গিগণও তাকবীর বলিতে শুরু করেন। পরের দিন তিনি একটু বেলা হইয়া আসিলে তাকবীর পড়া শুরু করেন এবং সঙ্গিগণও তখন পড়া শুরু করেন। তৃতীয় দিন সূর্য হেলিয়া যাওয়ার পর তিনি তাকবীর বলিলেন। সঙ্গিগণও তখন তাকবীর বলিলেন। সমস্বরে তাকবীর বলার এই আওয়ায মক্কা পর্যন্ত গিয়া পৌছায়। অন্যান্য মানুষ তখন বুঝিতে পারে যে, উমর (রাঃ) প্রস্তর নিক্ষেপের (রমীয়ে জামর) জন্য রওয়ানা হইয়া গিয়াছে।



মালিক (রহঃ) বলেনঃ আমাদের নিকট হুকুম হইল, আইয়্যামে তাশরীকের সময় প্রত্যেক নামাযের পর তাকবীর পড়িতে হইবে। ইমাম প্রথমে তাকবীর বলিবেন, মুকতাদিগণ তাহার অনুসরণ করবেন। বিলহজ্জ মাসের ১০ তারিখের যুহর হইতে তাকবীর বলা শুরু করিবে এবং ১৩ তারিখ ফজরের সময় তাহা শেষ করবে। ইমামম্কতাদি সকলেই এই তাকবীর পাঠ করিবে। নারী-পুরুষ সকলের উপরই পাঠ করা ওয়াজিব। জামাতে নামায পড়ুক বা একাকী, মিনায় অবস্থানরত থাকুক বা অন্য কোনখানে, সকল অবস্থায়ই উহা পাঠ করিতে হইবে। ইমামুল-হজ্জ এবং মিনার ময়দানে অবস্থিত হাজীগণের অনুসরণ করিবে অন্যান্য লোক। তাকবীরের বেলায় তাহারা যখন মিনা হইতে প্রত্যাবর্তন করিবে ও ইহরাম ভঙ্গ করিবে, তখন মুহলিদের (ইহরাম অবস্থায় যাহারা নাই) অনুসরণ করিবে যাহাতে তাহাদেরই মত হয় অর্থাৎ মুহরিম ও মুহিল দুই দলের মধ্যে তাকবীর বলার ব্যাপারে পার্থক্য নাই। আর যাহারা হজ্জ সম্পাদনকারী নহে, তাহারা কেবল আইয়্যামে তাশরীকের বেলায় হাজীদের অনুসরণ করবে।মালিক (রহঃ) বলেনঃ কুরআনে উল্লিখিত 'আইয়্যামে মা'দুদাত' হইল আইয়্যামে তাশরীক।[1]

English

Yahya related to me from Malik from Yahya ibn Said that he had heard that on the day after the day of sacrifice Umar ibn al-Khattab went out a little after the sun had risen and said the takbir, and everyone repeated it after him. Then he went out a second time the same day when the sun was well up and said the takbir, and everyone repeated it after him. Then he went out a third time after mid-day and said the takbir, and everyone repeated it after him until it resounded from group to group until it reached the House and people knew that Umar had left to throw the stones.

Malik said, "What we do here (in Madina) is to say the takbir during the days of tashriq after each prayer. The first time is when the imam and everyone with him says the takbir after the dhuhr prayer on the day of sacrifice, and the last is when the imam and everyone with him says the takbir after subh on the last of the days of tashriq, after which he stops saying the takbir."

Malik said, "The takbirs during the days of tashriq should be done by both men and women, whether they are in a group or by themselves, at Mina or elsewhere, and all of the takbirs should be done. In this everyone follows the imam of the hajj and the people at Mina, because when everyone returns (to Makka) and comes out of ihram they keep the same people as imams while out of ihram (as they did when they were in ihram). Some one who is not doing hajj does not follow them except for the takbirs during the days of tashriq."

Malik said, "The 'limited number of days' are the days of tashriq."



ফুটনোট

[1] মহান আল্লাহ্র বাণীঃ (وَاذْكُرُوا اللَّهَ فِي أَيَّامٍ مَّعْدُودَاتٍ) তোমরা নির্দিষ্টসংখ্যক দিনগুলিতে আল্লাহকে স্মরণ করবে। (বাকারাঃ ২০৩)। মালিক (রহঃ) উক্ত আয়াতে উল্লিখিত 'আইয়্যামিম মাদুদাত'-এর তাফসীর করিয়াছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন